ইত্তেফাক

তারিখ ... ৯।৩।৮০ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ৫ ...



# ৬৯ হাজার বাংলাদেশী নাগরিকের বিদেশে চাকুরী লাভ

(ইত্তেফাক রিপোর্ট)

১৯৭৬ সন হইতে ১৯৮০ সনের জানুয়ারী পর্যন্ত মোট ৬৯ হাজার ৬৩৫ জন বাংলাদেশী নাগরিক চাকুরী লইয়া বিদেশে গিয়াছেন। এ পর্যন্ত বিদেশে চাকুরী প্রাপ্ত মুক্তিযোদ্ধার সংখ্যা ২৫০ জন এবং আরও ১২০ জনকে নির্বাচিত করা হইয়াছে। বিদেশী চাকুরীপ্রাপ্তদের শতকরা ৩৫ জন জনশক্তি উন্নয়ন ব্যুরো, শতকরা ৮ জন বেসরকারী রিক্রুটিং এজেন্ট ও অন্যান্যরা

(৮ম পৃঃ ৭ এর কঃ দ্রঃ)

## বিদেশে চাকুরী লাভ

(১ম পৃঃ পর)

আত্মীয়-স্বজনের মাধ্যমে চাকুরী লাভ করিয়াছে।

গতকাল (মঙ্গলবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরকালে জনশক্তি উন্নয়ন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপ-প্রধানমন্ত্রী জনাব এস, এ, বারী এটি উপরোক্ত তথ্য প্রদান করেন।

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, সংসদ সদস্যদের সুপারিশক্রমেও কিছু লোককে বিদেশে চাকুরী দেওয়া হইয়াছে। এ সম্পর্কে মুসলিম লীগ সদস্য জনাব আলমাস হোসেনের 'দেখা যায় সংসদ সদস্যদের সুপারিশক্রমে এ পর্যন্ত ২০৭ জন বিদেশে চাকুরী পাইয়াছেন, তন্মধ্যে কোন সদস্য, কতজন পাঠাইয়াছেন?' শীর্ষক সম্পূরক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, এখনও বাছাই করা সম্ভব হয় নাই। তবে চলতি অধিবেশনেই উহা জানানো হইবে। জেলাওয়ারী হিসাবও তিনি চলতি অধিবেশনেই পরিবেশন করিবেন বলিয়া আশ্বাস প্রদান করেন।

অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, সরকারের জনশক্তি উন্নয়ন ব্যুরো ছাড়াও বর্তমানে সারাদেশে মোট ৩২৩টি বেসরকারী রিক্রুটিং এজেন্ট

(২য় পৃঃ দ্রঃ)

## বিদেশে চাকুরী লাভ

(৮ম পৃঃ পর)

বিদেশে লোক নিয়োগের কাজ চালাইতেছে। তিনি বলেন, মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত ও স্থানীয় জেলা প্রশাসকের সুপারিশ ও ৫০ হাজার টাকার নিরাপত্তা অর্থ প্রদানের পরে এজেন্ট নিয়োগ করা হয়।

তিনি বলেন, ১৯৭৯-৮০ সনে ১২৮ জন ইঞ্জিনিয়ার, ২০৯০ জন টেকনিসিয়ান, ১৮৮ জন ওয়েলডার, ক্যাবল জয়েন্টার ১ জন, ম্যাকানিক্স ২৯৭ জন, ইলেকট্রিসিয়ান ৪৬৬ জন, কার্পেন্টার ৪২৯ জন, রাজমিস্ত্রী ৪১৭ জন, ডাক্তার ৬১ জন, নার্স ও প্যারামেডিকস ১৯ জন, এডমিন-ম্যানেজার ও কেরানী ৪৩৯ জন, শিক্ষক ও অন্যান্য ৪৯ জন, ড্রাইভার ১১৬৫ জন, হোটেল কর্মচারী ৬৫৯ জন, লেবার ৫ হাজার ৪৯৩ জন, ঝাড়ুদার ১৫৫ জন, রেগার ও টিল পিকচার ৪৮ জন, পাইপ পিটার ২৭৩ জন, ফার্মার ৯ জন, ফিসারম্যান ১০ জন ও অন্যান্য ১ হাজার ১২২ জন, মোট ১০ হাজার ৫১৮ জন বিদেশী চাকুরী পাইয়াছেন।

বিএনপি সদস্যা মিসেস রাব্বানীর এক সম্পূরক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, মধ্যপ্রাচ্যে মহিলাদেরও চাহিদা আছে। তবে গৃহ পরিচারিকার চাকুরী বলিয়া সরকার মহিলাদের পাঠাইতেছেন না।